

## দ্বিতীয় অধ্যায়: পরিবেশ দূষণ

প্রশ্ন-১. পরিবেশ কখন দূষিত হয়েছে বলা হয়?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: পরিবেশের কোনো পরিবর্তন যখন আমাদের ক্ষতি করে, তখন পরিবেশ দূষিত হয়েছে বলা হয়।

প্রশ্ন-২. রিফাত কলেরা রোগে আক্রান্ত হয়েছে। এ রোগটি বিস্তারে কোন দূষণটি দায়ী?

উত্তর: কলেরা রোগের বিস্তারে পানি দূষণ দায়ী।

প্রশ্ন-৩. মানুষের নানাবিধ কর্মকাণ্ড পরিবেশকে বসবাসের অনুপযোগী করে তুলছে। এ কর্মকাণ্ডের ফলে কোন কোন ধরনের পরিবেশ দূষণ দেখা যায় লিখ।

উত্তর: মানুষের কর্মকাণ্ডের দূষিত হয় এমন চার ধরনের পরিবেশ দূষণ হলো—

(i) বায়ু দূষণ, (ii) পানি দূষণ, (iii) মাটি দূষণ ও (iv) শব্দ দূষণ।

প্রশ্ন-৪. পরিবেশ দূষণের ফলে কীভাবে সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে?

উত্তর: পরিবেশ দূষণের ফলে পৃথিবীর বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। এতে হিমবাহের বরফ গলে যাওয়ার কারণে সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে।

প্রশ্ন-৫. মাটি দূষণের দুইটি কারণ লেখ।

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: মাটি দূষণের দুইটি কারণ হলো—

- কৃষিকাজে জমিতে সার ও কীটনাশকের ব্যবহার।
- কল-কারখানার বর্জ্য ও রাসায়নিক পদার্থ মাটিতে ফেলা।

প্রশ্ন-৬. শব্দ দূষণের দুটি উৎসের নাম লেখ।

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: শব্দ দূষণের দুটি উৎসের নাম হলো—

- যানবাহনের হর্ণের শব্দ।
- মাইকের উচ্চ শব্দ।

প্রশ্ন-৭. সামিদের বাবা কৃষিজমিতে কীটনাশক প্রয়োগ করে। তাদের জমিতে কী ক্ষতি হয়?

উত্তর: কৃষিজমিতে কীটনাশক প্রয়োগের ফলে জমির উর্বরতা নষ্ট হয়।

প্রশ্ন-৮. বায়ু দূষণ কাকে বলে?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: বায়ুর স্বাভাবিক উপাদান পরিবর্তন হওয়াকে বায়ু দূষণ বলে।

প্রশ্ন-৯. এসিড বৃষ্টি কী?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: যে বৃষ্টির পানিতে সালফিউরিক এসিড, নাইট্রিক এসিড এবং অল্প পরিমাণে হাইড্রোক্লোরিক এসিড বিদ্যমান থাকে, তাকে এসিড বৃষ্টি বলে।